যে ব্যক্তি ‘আসরের সালাত ছেড়ে দেয় তার ‘আমল বিনষ্ট হয়ে যায়।”

বুরাইদাহ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: শীঘ্র ‘আসরের সালাত আদায় করে
নাও। কারণ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “যে ব্যক্তি ‘আসরের সালাত
ছেড়ে দেয় তার ‘আমল বিনষ্ট হয়ে যায়।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

এ হাদীসে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইচ্ছাকৃতভাবে আসরের সালাত সময় মতো আদায় না করে বিলম্বে আদায় করা থেকে সতর্ক করেছেন। আর যে ব্যক্তি আসরের সালাত বিলম্বে পড়ে বা ছেড়ে দেয় তার আমল বিনষ্ট হয় এবং সে খালি হয়ে যায়।

http://sunnah.global/hadeeth/bn/show/6261